


# গঠনতন্ত্র



বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ  
(Coordinating Council for Human Rights in Bangladesh- CCHRB)



  
Adv. Muhammed Shamsuddin  
Director  
BAMASOP/CCHRB

Bamasop By-laws (constitution) contained 18 articles adopted by the General members which approved by the Registering Authority, GOB. -Part I

## গঠনতন্ত্র

# বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ

COORDINATING COUNCIL FOR HUMAN RIGHTS IN BANGLADESH-CCHRB

### ১. ভূমিকা

১৯৮৬ সালের মাঝামাঝি সময়ে ফাদার আর. ডব্লিউ টিম-এর ঐকান্তিক প্রচেষ্টা ও উদ্যোগে কয়েকটি মানবাধিকার ও উন্নয়ন সংস্থার সমমনা ব্যক্তিদের নিয়ে "বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ" (বামাসপ) গঠিত হয়। ১৯৮৭ সালের জানুয়ারী মাস থেকে বামাসপ এক বছরের জন্য পরীক্ষামূলক কর্মসূচী শুরু করে। তবে বামাসপ গঠনের জন্য মানবাধিকার ও উন্নয়ন সংস্থাসমূহের মধ্যে আলোচনার প্রক্রিয়া শুরু হয়েছিল ১৯৮৩ সালে। বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে একটি বৌদ্ধ প্রতিফলনে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার জন্য মানবাধিকার ও উন্নয়ন সংস্থাসমূহ দৃঢ় প্রতিজ্ঞ।

### ২. নাম

বামাসপ "বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ" যা সংক্ষেপে 'বামাসপ' নামে অভিহিত হবে। ইংরেজীতে এর নাম হবে Coordinating Council for Human Rights in Bangladesh যা সংক্ষেপে CCHRB নামে অভিহিত হবে।

### ৩. লক্ষ্য ও উদ্দেশ্য

বাংলাদেশে মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ একটি অরাজনৈতিক, অলাভজনক, স্বৈচ্ছাসেবী সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান। বামাসপ বাংলাদেশে মানবাধিকারকে এগিয়ে নেয়ার একটি সমন্বিত প্রয়াস। এর লক্ষ্য ও উদ্দেশ্য হলো মানবাধিকার প্রতিষ্ঠা ও সংরক্ষণের জন্য অব্যাহত প্রচেষ্টা চালানো।

#### ৩.১ বামাসপের লক্ষ্য ও উদ্দেশ্য

বামাসপ-এর লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ হবে নিম্নরূপঃ

##### ক. মানবাধিকার পরিস্থিতি বিশ্লেষণ

বাংলাদেশে মানবাধিকার সমন্বয় পরিষদ স্থানীয় ও জাতীয় পর্যায়ে মানবাধিকার লংঘনের ঘটনা সমূহ পর্যবেক্ষণ, তদন্ত ও বিশ্লেষণ করবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সমাধানকল্পে সুপারিশমালা পেশ করবে। বামাসপ আন্তর্জাতিক পর্যায়েও মানবাধিকার লংঘনের ঘটনা পর্যবেক্ষণ করবে এবং পরিস্থিতি উন্নত করার জন্য সড়ব্য সব ধরনের প্রচেষ্টা চালাবে। আন্তর্জাতিক ক্ষেত্রে কার্যক্রম পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করা হবে।

##### খ. নেটওয়ার্ক বিস্তার

'বামাসপ' দেশে মানবাধিকার প্রতিষ্ঠা ও সংরক্ষণে নিয়োজিত মানবাধিকার সংগঠনসমূহ, উন্নয়ন সংস্থাসমূহ, আইন প্রয়োগকারী সংস্থাসমূহ এবং আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনসমূহের সাথে কার্যকরী সম্পর্ক ও সংহতি গড়ে তুলবে। সর্বোপরি 'মানবাধিকার' সম্পর্কে জনগনকে অধিকতর সচেতন করে তুলতে প্রচেষ্টা চালাবে এবং ইস্যু ভিত্তিক কর্মসূচী গ্রহণ করবে।

##### গ. মানবাধিকার শিক্ষা

যেহেতু বাংলাদেশে 'মানবাধিকার' একটি ঐতিহ্যগত চিন্তা, চেতনা ও ধারণা সেহেতু 'মানবাধিকার' বিষয়ক শিক্ষা প্রদান বামাসপ-এর একটি অন্যতম লক্ষ্য।

শ্ৰীমান হোসেন চৌধুরী

পরীক্ষিত

অনুমোদিত  
২০/০২/২০১৭  
২০/০২/১৭